



তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ শনিবার ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন -পিআইডি

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে তদারকি আরও জোরদার করুন ॥ ফখরুদ্দীন

প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ সমৃদ্ধ জাতি গঠনে মানসম্পন্ন শিক্ষা ও এর বিকাশ নিশ্চিত করতে তদারকি কার্যক্রম আরও জোরদার করার জন্য সর্বাঙ্গীণ সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধান উপদেষ্টা বলেন, 'সবার জন্য শিক্ষা' এ লক্ষ্য অর্জনে শিক্ষক, অভিভাবক, স্কুলের পরিচালনা পর্ষদ, এনজিও, সুশীল সমাজ, সর্বাঙ্গীণ কর্মকর্তা-কর্মচারীদের এক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বলেন, সরকার ২০১৫ সালের মধ্যে বয়স্ক সাক্ষরতার হার কমপক্ষে ৯০ শতাংশে উন্নীত করার লক্ষ্য স্থির করেছে। ড. ফখরুদ্দীন আহমদ শনিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০০৭ পালন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। খবর বাসসর।

'সুন্দর জীবনের জন্য সাক্ষরতা' এ প্রতিপাদ্য ও 'শিক্ষা আনে কল্যাণ, সুখ স্বাস্থ্য অফুরান' এ স্লোগানকে সামনে নিয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা আইয়ুব কাদরী। স্বাগত বক্তৃতা করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোশাররফ হোসেন। (১১- পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত (১১-এর পাতার পর)

ভূইয়া। তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টাসুন্দ, শিক্ষাবিদ, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি, উর্ধ্বতন বেসামরিক ও সামরিক কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ড. ফখরুদ্দীন আহমদ বলেন, সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে চলতি বছরের বাজেটে শিক্ষা ও প্রযুক্তি খাতে ১২ হাজার ৫শ' কোটি টাকা বরাদ্দ দিয়েছে। তিনি বলেন, শিক্ষা খাতে বিনিয়োগ সর্বোত্তম বিনিয়োগ, যা টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রধান উপদেষ্টা শিক্ষা জীবনের গুরুত্ব কথা উল্লেখ করে বলেন, এটা মানব জীবনের অত্যন্ত মূল্যবান সময়। এটা অনেকটা জমিতে বীজ বপনের মৌসুমের মতো। তিনি বলেন, সূনাগরিক ও দৃঢ় নৈতিক চরিত্রের মতো শিশুদের মৌলিক গুণাবলী অর্জনের ওপর পাঠ্যসূচীতে জোর দিতে হবে। কচি-নবীন মনে পারস্পরিক শ্রদ্ধা, সহনশীলতা, সুস্থতা, সততা, পরিচ্ছন্নতা ও দেশপ্রেমে উজ্জীবিত করার শিক্ষা দেয়া প্রয়োজন।

দুর্নীতির মূলোৎপাটন করে দেশে সুশাসন প্রতিষ্ঠার ব্যাপারে বর্তমান সরকারের লক্ষ্যের কথা উল্লেখ করে ড. ফখরুদ্দীন আহমদ বলেন, এ লক্ষ্য অর্জনে সুশিক্ষিত এবং সচেতন মানুষের প্রয়োজন।

প্রধান উপদেষ্টা বলেন, সবার জন্য গুণগত শিক্ষা নিশ্চিত করা আমাদের প্রধান জাতীয় লক্ষ্য এবং স্বল্প সময়ে নিরক্ষরতা দূর করা অন্যতম প্রধান চ্যালেঞ্জ। তিনি বলেন, এই চ্যালেঞ্জ মোকাবেলায় এবং গৃহীত সকল উদ্যোগকে সফল করার জন্য সকলের সম্মিলিত প্রয়াস খুবই প্রয়োজন। তিনি ডাকার সম্মেলনের অঙ্গীকারের উল্লেখ করে বলেন, 'সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ (এমডিজি) এবং পিআরএসপি'র আলোকে সরকার প্রাথমিক শিক্ষার বিস্তার তথা নিরক্ষরতা দূরীকরণের প্রচেষ্টা বলিষ্ঠতর করেছে।

তিনি দেশের জনগোষ্ঠীকে মানবসম্পদে রূপান্তরিত করতে শিক্ষাকে প্রধান হাতিয়ার হিসাবে উল্লেখ করে আশা প্রকাশ করেন যে, এবারের আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের কর্মসূচী গতানুগতিক আনুষ্ঠানিকতার গতির মধ্যে সীমাবদ্ধ থাকবে না। বরং তা সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণ ও সাক্ষরতার অর্জনে সবার মধ্যে সচেতনতা সৃষ্টি করতে সহায়তা করবে।

প্রধান উপদেষ্টা বলেন, বিভাগীয় শহরে সুবিধাবঞ্চিত কর্মজীবী শিশু-কিশোরদের সাক্ষরতা প্রদান ও কর্মমুখী প্রশিক্ষণ প্রদানের জন্য 'হার্ড টু রিচ' প্রকল্পের দ্বিতীয় পর্যায় চালু করা হয়েছে। এ ছাড়া সমাজের সুবিধাবঞ্চিত ও বিদ্যালয় থেকে ঝরে পড়া দরিদ্র শিশুদের জন্য 'রিচিং আউট অফ স্কুল চিলড্রেন' প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।